## হাকালুকি ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, ফেঞ্চগঞ্জ, সিলেট এর সফলতা

- <u>০১. ভূমিকাঃ</u> ক্ষুদ্র ব্যবসায়ী মানুষের বিকল্প আয়ের সুযোগ সৃষ্টিসহ সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, পুজি সংগ্রহ ও লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি, এলাকার ক্ষুদ্র ব্যবসায়ী সদস্যদেরকে শিক্ষাবিস্তার, স্বাস্থ্য সেবা, সামাজিক ব্যাধিসমূহ দূর, এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং দারিদ্র বিমোচনের লক্ষ্যে ২০২২ সালে ৩৮ জন ক্ষুদ্র ব্যবসায়ী ব্যক্তিকে নিয়ে শেয়ার ও সঞ্চয় আমানত সংগ্রহের মাধ্যমে <u>ফেঞ্চুগঞ্জ</u> উপজেলায় হাকালুকি ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ গঠিত হয়েছে। সমিতি নিবন্ধন নং-সিল-২৩/২১-২২, তারিখঃ ১৮/০৫/২০২২খি.।
- ০২. সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচীঃ সমিতির বর্তমান সদস্য সংখ্যা-৫৫ জন। সৎ, উদ্যোগী, দায়িত্বনান ও মেধাবী ব্যবস্থাপনা কমিটির ০৬ জন সদস্যের আন্তরিকতা ও অক্লান্ত প্রচেষ্টায় নিয়মিত শেয়ার বিক্রি ও সঞ্চয় আদায় করতে সক্ষম হয়। সমিতি ০৬ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি ছাড়া ও আলাদা আলাদা প্রকল্প বাস্তবায়ন উপ-কমিটি রয়েছে। সমিতিতে নিয়মিত বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হচ্ছে। সমিতির সর্বশেষ বার্ষিক সাধারন সভা বিগত ১১/০৮/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়।
- <u>০৩. কার্যক্রমের বর্ণনাঃ</u> উন্নয়ন মূলক কার্যক্রমের মধ্যে ক্ষুদ্র ব্যবসায়ী মানুষের মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ করেমাধ্যমে সদস্যদের প্রতাক্ষ ২০ জন ও পরোক্ষ ভাবে আর ১০ জনের কর্মসংস্থান হয়েছে।
- ০৪.বিগত বছরগুলোর উল্লেখযোগ্য কর্মকান্ডের বর্ণনাঃ সমবায় সমিতি আইন ও বিধি মালা ও আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করা। ধর্মীয় অনুষ্ঠান, গ্রাম্য সালিশ, বাল্য বিবাহ ও যৌতুক বিরোধী আন্দোলন, ধূমপান ও মাদক প্রতিরোধ ব্যবস্থায় এবং জাতি গঠনে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সেবামূলক কার্যক্রমের মধ্যে সদস্যদের বিভিন্ন মৎস্য চাষ বিপনন বিষয়ক প্রশিক্ষণ, যোগাযোগ ব্যবস্থা, স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন, মৎস্য আইন বিষয়ক প্রশিক্ষণ, হাট-বাজার এ শৃঙ্খলা রক্ষা পরিস্কার পরিচ্ছন্নতা রাখার বিষয়ে সচেতনতা করা। সকল সামাজিক কাজে সার্বিক অবদান আছে। সমিতির এলাকার মৃত ব্যক্তির দাফন/সৎকার ও অসহায় পরিবারকে এককালীন নগদ অর্থ সহায়তা প্রদান করে থাকেন।
- <u>০৫. কেস স্ট্যাডিঃ</u> অত্র উপজেলাতে মডেল সমিতি হিসাবে ২০২৩-২৪ খ্রিঃ সনে নির্বাচন করা হয়েছে । <u>০৬. কিভাবে সফল হলো তার বর্ণনাঃ</u> ২০২২ সালে ৩৮ জন ক্ষুদ্র ব্যবসায়ী মানুষের নিয়ে হাকালুকি ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি গঠন করা হয়েছে। সং, উদ্যোগী, দায়িত্বান ও মেধাবী ব্যবস্থাপনা কমিটির সদস্যদের আন্তরিকতা ও অক্লান্ত প্রচেষ্টায় নিয়মিত শেয়ার বিক্রি ও সঞ্চয় আদায় এর মাধ্যমে নতুন সদস্য ভর্তি করা, সদস্যদের মংস্য চাষের আকর্ষন বৃদ্ধির মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নের ধারা অব্যাহত আছে। সমিতির নিয়মিত শেয়ার, সঞ্চয় আদায় মংস্য চাষ/উৎপাদন বৃদ্ধির ফলে সমিতির আর্থিক উন্নয়ন সহ সামাজিকভাবে গ্রহণ যোগ্যতা বৃদ্ধি পাচ্ছে।
- <u>০৭. সিডিএফ আদায়ঃ</u> ব্যবস্থাপনা কমিটির সঠিক নেতৃত্বে তিলে তিলে সংগৃহীত পুজিঁ বিভিন্ন লাভজনক বিনিয়োগের মাধ্যমে প্রথম প্রথম সমিতির অল্প নীট লাভ হয়। পরবর্তীতে ক্রমবর্ধমান হারে সমিতি নীট লাভ করে

২০২২-২০২৩ সালে সমিতির নীট লাভের পরিসান ১১,৬৭২/- টাকা। সমিতি যথাসময়ে সমবায় উন্নয়ন তহবিল ৪৭৪/- টাকা পরিশোধ করেছে।

<u>০৮. অডিট সম্পর্কিত তথ্যঃ</u> সমবায় আইন ও বিধি মতে যথাসময়ে সমিতির বার্ষিক অডিট কার্য সম্পাদিত হয়ে থাকে। নিকাশের সচ্ছতা যাচাইয়ের জন্য রয়েছেন হিসাব রক্ষণে দক্ষ অভ্যন্তরীন অডিট কমিটি। বর্তমানে সমিতির শেয়ার ২,৬২,২০০/- টাকা ও সঞ্চয় আমানত ৯৮,৫০২/- টাকা।

<u>০৯. ব্যাংক ও অন্যান্য তথ্যঃ</u> সমিতির ব্যাংক হিসাবে জমা ২,৫০০/- টাকা। সমিতির সংরক্ষিত তহবিলের পরিমান ২,৩৬৭/- টাকা।

২৩/০৮/২০২৩

( আব্দুল্লাহ মোঃসাইদুর রহমান শামীম) উপজেলা সমবায় অফিসার ফেঞ্চুগঞ্জ,সিলেট।

ফোন ০২৯৯৬৬৪৬৭৯২